

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৭৭]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩০৪ : অশুভ লক্ষণ মানা নিষেধ

(304) بَابُ النَّهْي عَنِ التَّطَيُّرِ

আরবী

وَعنْ عُرْوَةَ بْنِ عامِرِ رَضِيَ اللهُ عَنهُ قَالَ: ذُكِرتِ الطَّيَرَةُ عِنْد رَسُولِ الله صلى الله عليه وسلم فقَالَ: «أَحْسَنُهَا الْفَأَلُ، وَلا تَرُدُّ مُسْلِماً، فَإِذَا رأى أَحَدُكُمْ ما يَكْرَه، فَلْيقُلْ: اَللهم لا يَأْتَى بالحَسَناتِ إلاَّ أَنتَ، وَلا حوْلَ وَلا قُوَّةَ إلاَّ بِكَ» حديث صنحيح رواه أبو داود بإسنادٍ صنحيح .

বাংলা

৪/১৬৮৬। উরওয়াহ ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মুখে অশুভ বা কুলক্ষণ সম্পর্কে কথা হচ্ছিল। তিনি বললেন: এর মধ্যে ভাল হল ফাল। কিন্তু কোন মুসলিমকে অশুভ লক্ষণ তার কর্ম থেকে বিরত রাখতে পারে না। তোমাদের মধ্যে কেউ অপছন্দীয় কোন বিষয় দেখলে সে যেন বলে, "হে আল্লাহ! তুমি ব্যতীত কেউ কল্যাণ দিতে পারে না এবং তুমি ব্যতীত কেউ অকল্যাণ দূর করতে পারে না। অবস্থার পরিবর্তন করা বা মঙ্গল ও অমঙ্গল বিধান করার ক্ষমতা শুধুমাত্র তোমারই"। [আবু দাউদ][1]

English

(304) Chapter: Forbiddance of Believing in III Omens

'Urwah bin 'Amir (May Allah be pleased with him) said:

When talking of omens was mentioned in the presence of the Messenger of Allah (ﷺ) he said, "The best type of omen is the good omen." He added, "A Muslim should not refrain from anything because of an omen." He (ﷺ) told them, "When any of you sees anything which he dislikes, he should say: 'Allahuma la ya'ti bil-hasanati illa Anta, wa la yadfa'us- sayyi'ati illa Anta, wa la hawla wa la quwwata illa Bika (O Allah! You Alone bring good things; You Alone avert evil things, and there is no might or power but in You)."'



[Abu Dawud with Sahih Isnad].

Commentary:

- 1. Tiyarah means taking omen. This applies to good as well as bad omens. Muslims are required to take good omen only. For this reason, when a Muslim resolves to do something good then a bad omen should not impede his way because he believes that it is Allah Alone who brings about every thing. He should also pray to Allah for the removal of mischief.
- 2. When such things from which people usually take a bad omen create suspicions in one's mind, then it is Mustahabb (desirable) to recite the prayer mentioned in this Hadith. Thus, what we learn from this Hadith is that if a Muslim comes across something repulsive, he should pray to Allah for something auspicious. He should also pray to Allah for granting him the power and ability to abstain from evils.

ফুটনোট

[1] আমি [আলবানী) বলছিঃ এ সহীহ্ আখ্যা দেয়ার ব্যাপারে সুস্পষ্ট বিরূপ মন্তব্য রয়েছে। কারণ উরওয়া ইবনু আমেরের রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাক্ষাৎ ঘটার ব্যাপারে মতভেদ রয়েছে। এ ছাড়াও এর সনদে আনআনাহ মুদাল্লিস বর্ণনাকারী। দেখুন 'আলকালিমুত তাইয়্যিব টীকা নং [১৯৩

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ ইবনু 'আমির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন